প্রতিদিন অন্ততঃ একবার
বাকাশিবোর ওয়েবসাইট
www.bteb.gov.bd
ভিজিট করুন।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

পরীক্ষা নিয়ন্ত্রণ বিভাগ
এইচএসসি (বিএমটি) শাখা
Website: www.bteb.gov.bd

**এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা ইন কমার্স পরীক্ষা-২০২৪ এর ফরম পূরণ ও ফরম পূরণের টাকা জমাদান প্রসঙ্গে**

স্মারক নং-৫৭.১৭.০০০.৩০২.৩১.০১৮.২৪.০০৯ তারিখ: ১০-০৬-২০২৪ খ্রি.

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) ও ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রম পরিচালিত সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৪ সনে অনুষ্ঠিতব্য এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) এবং ডিপ্লোমা-ইন-কমার্স শিক্ষাক্রমের যেসকল প্রতিষ্ঠান কারিগরি ত্রুটির কারণে কিছু পরীক্ষার্থীর ফরম পূরণ করতে পারে নি তাদের নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ফরম পূরণের কার্যক্রম সম্পাদনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| অনলাইনে ফরম পূরণের তারিখ | ফরম পূরণের টাকা জমাদানের তারিখ | প্রবেশপত্র ডাউনলোডের তারিখ |
|---|---|---|
| ১৯-০৬-২০২৪ খ্রি. হতে ২০-০৬-২০২৪ খ্রি. | ২৩-০৬-২০২৪ খ্রি. | ২৪-০৬-২০২৪ খ্রি. |

**বি.দ্র.: কোনক্রমেই এই নির্ধারিত তারিখের পর ফরম পূরণ কার্যক্রম গ্রহণযোগ্য হবে না। কোন কারণে নির্ধারিত তারিখে কোনো শিক্ষার্থীর ফরম পূরণ করতে ব্যর্থ হলে এর দায়ভার সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকেই গ্রহণ করতে হবে।**

১০/৬/২৪
(মো: কেপায়েত উল্লাহ)
পরীক্ষা নিয়ন্ত্রক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

স্মারক নং-৫৭.১৭.০০০.৩০২.৩১.০১৮.২৪.০০৯(১৪) তারিখ: ১০-০৬-২০২৪ খ্রি.

সদয় অবগতি ও যথাযথ কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকর্ষণ: অতিরিক্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা।
৩. বিভাগীয় প্রধান (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৪. জেলা প্রশাসক, সকল জেলা।
৫. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা।
৬. অধ্যক্ষ/কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন এইচএসসি (বিএম/বিএমটি), এইচএসসি (ভোক.) এবং ডিপ্লোমা ইন কমার্স শিক্ষাক্রম পরিচালিত প্রতিষ্ঠান।
৭. উপ পরীক্ষা নিয়ন্ত্রক (সকল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৮. উপ সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
৯. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১০. উপ পরিদর্শক (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১১. কারিকুলাম বিশেষজ্ঞ (বিএমটি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১২. ডকুমেন্টশন অফিসার, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১৩. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড।
১৪. সংশ্লিষ্ট নথি।

১০/৬/২৪
(মো: জাহেদুল কবির খান)
উপ পরীক্ষা নিয়ন্ত্রক (বিএমটি)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
ফোন: ০২-৫৫০০৬৫২৯

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬৩২৮, ওয়েবসাইট : **www.comillaboard.gov.bd**


স্মারক নং ঃ উমা/পরী/২০২৪/২০৪৮ তারিখ ঃ ০৫/০৬/২০২৪ খ্রি.

**বিষয় : এইচএসসি পরীক্ষা ২০২৪ এর বিশেষ অনুমতিতে ফরম পূরণ প্রসঙ্গে**

এতদ্বারা অত্র বোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪ সনে অনুষ্ঠেয় উচ্চমাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণেচ্ছুক যেসকল ছাত্র-ছাত্রী নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ (অনিয়মিতদের জন্য উত্তীর্ণের বিষয়টি শিথিলযোগ্য), যুক্তিসংগত কারণে বোর্ডের নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে ফরম পূরণ করতে পারে নাই তাদেরকে আগামী ২৩/০৬/২০২৪ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের বরাবর আবেদন করতে হবে।

অধ্যক্ষগণ নিজে অথবা প্রতিনিধির (শিক্ষক) মাধ্যমে আগামী ২৪/০৬/২০২৪ থেকে ২৫/০৬/২০২৪ তারিখের মধ্যে নিম্নে উল্লেখিত কাগজপত্রসমূহ বিশেষ অনুমতিতে ফরম পূরণের অনুমতির জন্য এ বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে দাখিল করতে হবে।

১) অধ্যক্ষের আবেদন

২) অধ্যক্ষের নিকট পরীক্ষার্থীর আবেদনের ফটোকপি।

৩) খাতওয়ারি ফি এর হিসাব বিবরণী **(ফরম পূরণের সম্ভাব্য তালিকায় উল্লেখিত টাকা + বিলম্ব ফি ১০০/- + বিশেষ অনুমতি ফি (i. প্রাইভেট পরীক্ষার্থী প্রতি ৩০০/-, ii. অন্যান্য পরীক্ষার্থী প্রতি ২০০/-))**

৪) ফি এর পে-অর্ডার (সোনালী ব্যাংক লিঃ এর যে কোন শাখা হতে সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা এর অনুকূলে)

৫) নিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি

৬) অনিয়মিত পরীক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড এবং পুরাতন প্রবেশপত্রের ফটোকপি

বিঃ দ্রঃ

- পরীক্ষার্থী যে কেন্দ্রে পরীক্ষায় অংশগ্রহণ করবে সে কেন্দ্রে ফরম পূরণের আবেদনকৃত পরীক্ষার্থীর সকল বিষয়ের প্রশ্নপত্র আছে এ মর্মে অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন দিতে হবে।
- ২৮/০৬/২০২৪ খ্রি. তারিখ যথারীতি পূর্বের ন্যায় প্রতিষ্ঠানের **EIIN** নম্বর ও **Password** ব্যবহার করে হালনাগাতকৃত রেজিস্ট্রেশন ও বিশেষ অনুমতিতে ফরম পূরণকৃত প্রবেশপত্র প্রিন্ট করে পরীক্ষার্থীদের মধ্যে বিতরণ করতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

০৫/০৬/২৪

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

ফোন : ০২৩৩৪৪০৬১৭২

অধ্যক্ষ

কুমিল্লা শিক্ষাবোর্ডের আওতাধীন উচ্চমাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণ ঃ

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

০২. উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

০৩. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

০৪. ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, বিআইএসই বিল্ডিং শাখা, কুমিল্লা

০৫. কুমিল্লা শিক্ষাবোর্ডের হিসাব (জমা) শাখা

০৬. কুমিল্লা শিক্ষাবোর্ডের ওয়েবসাইট

০৭. সংশ্লিষ্ট নথি